অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কজুড়ে জল সরবরাহ পরিকাঠামো উন্নয়নের উদ্দেশ্যে 416 মিলিয়ন ডলারের বেশি অর্থ অনুদান হিসেবে দিয়েছেন

এই বিনিয়োগ নিউ ইয়র্কের বসতিগুলোতে প্রায় 700 মিলিয়ন মার্কিন ডলার সংরক্ষণ করবে এবং 20,000 টি চাকরিতে অবদান রাখবে

37 টি প্রকল্পে 120 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে যা লং আইল্যান্ড কমিউনিটিগুলোর ক্রমবর্ধমান দূষকগুলি মোকাবেলা করবে

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) ক্রমবর্ধমান দূষক অনুদানের উপর 3 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপ অপসারণ করে, এখন তহবিলগুলি হলো ক্রমবর্ধমান দূষক মূলধন প্রকল্প খরচের 60 শতাংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে পানির অবকাঠামো উন্নয়ন আইন (Water Infrastructure Improvement Act, WIIA) এবং আন্তঃমিউনিসিপ্যালিটি পানির অবকাঠামতে অনুদান সংক্রান্ত প্রোগ্রাম (Intermunicipal Water Infrastructure Grant Program)-এর মাধ্যমে স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন মিউনিসিপ্যালিটিগুলোকে অবকাঠামো প্রকল্পগুলোর জন্য 416 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে যা গণস্বাস্থ্য রক্ষা ও পানির গুণগত মান উন্নয়ন করবে। এই পুরস্কারের মধ্যে রয়েছে 37 টি প্রকল্পের জন্য 120 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান যা লং আইল্যান্ডের ক্রমবর্ধমান দূষক মোকাবেলা করবে। এই অনুদান প্রকল্প খরচে প্রায় 1.6 বিলিয়ন মার্কিন ডলারের সহায়তা করছে যা নিউ ইয়র্কের অর্থনীতিতে 20,000 টি চাকরিতে অবদান রাখবে এবং নিউ ইয়র্কের বসতিগুলোতে 700 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সংরক্ষণ করবে।

"আমাদের স্টেটের পানির অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ করে আমরা আঞ্চলিক প্রবৃদ্ধি ও সমৃদ্ধির ভিত স্থাপন করছি এবং পাশাপাশি আমাদের প্রাকৃতিক সম্পদও রক্ষা করচজি," **গভর্নর কুওমো বলেন**। "আমাদের কমিউনিটিতে এই বিনিয়োগ নিশ্চিত করতে সাহায্য করবে যে স্টেটের প্রতিটি কোণায় বাসিন্দারা নিরাপদ, বিশুদ্ধ পানীয় জল পাচ্ছে, যা সবার জন্য একটি শক্তিশালী নিউ ইয়র্ক বিনির্মাণে সাহায্য করবে।"

ক্রমবর্ধমান দূষক মোকাবেলায় সিস্টেম ইনস্টল করার খরচে সহায়তা করতে, এই প্রকল্পগুলোর জন্য দেয়া অনুদান আর 3 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে ক্যাপ করা হবে না কিন্তু প্রকল্পের মোট মূলধন খরচ 60 শতাংশ বহন করবে। এই অনুদানগুলির জন্য যোগ্য প্রকল্পগুলি হল সেগুলো যেগুলো ক্রমবর্ধমান দূষক, যেমন PFOA, PFOS এবং 1,4-ডাইঅক্সেন দূর করবে, সিস্টেম আপগ্রেডেশন এবং উদ্ভাবনী প্রযুক্তির মাধ্যমে।

গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেটের 2017 বিশুদ্ধ পানির অবকাঠামো আইন এবং 2020 অর্থবছরের অনুমোদিত বাজেটে জলবায়ু সংকটের প্রয়োজনীয়তা মোকাবেলার জন্য 3 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে।

ক্রমবর্ধমান দূষণের জন্য তহবিল গঠন

স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন, স্বাস্থ্য বিভাগের সহযোগীতায়, লং আইল্যান্ড এর কমিউনিটিগুলোকে PFOA, PFOS ও 1,4-ডাইঅক্সেন নামক ক্রমবর্ধমান দূষণ মোকাবেলার জন্য 120 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সহায়তা দিয়েছে। অনুদানগুলো প্রতিটি প্রকল্পের খরচের 60 শতাংশ পর্যন্ত তহবিল দেবে।

আবেদনকারীর নাম	কাউন্টি		আনুমানিক অনুদান	প্রকল্পের সংখ্যা
গ্রেট নেক নর্থ এর WA	নাসাউ	5,000,000 মার্কিন ডলার	3,000,000 মার্কিন ডলার	1
অয়েস্টার বে WD	নাসাউ	5,429,000 মার্কিন ডলার	257,400 মার্কিন ডলার	1
পোর্ট ওয়াশিংটন WD	নাসাউ	30,128,000 মার্কিন ডলার	15,076,800 মার্কিন ডলার	3
হেম্পস্টিড, (ইস্ট মিডো WD) শহর	নাসাউ	5,689,000 মার্কিন ডলার	413,400 মার্কিন ডলার	1
গার্ডেন সিটি, গ্রাম	নাসাউ	14,983,496 মার্কিন ডলার	8,990,098 মার্কিন ডলার	2
প্লেইন-ভিউ WD	নাসাউ	6,117,000 মার্কিন ডলার	3,670,200 মার্কিন ডলার	1
সাউথ ফারমিংডেল WD	নাসাউ	6,400,000 মার্কিন ডলার	840,000 মার্কিন ডলার	1
বেথপেজ WD	নাসাউ	6,425,000 মার্কিন ডলার	3,855,000 মার্কিন ডলার	1
গার্ডেন সিটি পার্ক WD	নাসাউ	6,500,000 মার্কিন ডলার	3,900,000 মার্কিন ডলার	1

ওয়েস্ট হেম্পস্টিড WD	নাসাউ	6,540,250 মার্কিন ডলার	924,150 মার্কিন ডলার	1
ফ্রাঙ্কলিন স্কয়ার WD	নাসাউ	6,871,000 মার্কিন ডলার	1,122,600 মার্কিন ডলার	1
রোজলিন WD	নাসাউ	7,475,000 মার্কিন ডলার	4,485,000 মার্কিন ডলার	1
পশ্চিম নাসাউ কাউন্টি এর WA	নাসাউ	8,217,000 মার্কিন ডলার	4,930,200 মার্কিন ডলার	1
মিনেওলা, গ্রাম	নাসাউ	8,300,000 মার্কিন ডলার	4,980,000 মার্কিন ডলার	1
জেরিকো WD	নাসাউ	19,095,950 মার্কিন ডলার	11,457,570 মার্কিন ডলার	2
মানহাসেট-লেকভিল WD	নাসাউ	23,309,500 মার্কিন ডলার	10,985,700 মার্কিন ডলার	2
কার্লে প্লেস WD	নাসাউ	11,270,000 মার্কিন ডলার	6,762,000 মার্কিন ডলার	1
হিকসভিল WD	নাসাউ	23,360,000 মার্কিন ডলার	14,016,000 মার্কিন ডলার	2
ওয়েস্টবারি WD	নাসাউ	12,315,000 মার্কিন ডলার	7,389,000 মার্কিন ডলার	1
সাফোক কাউন্টি WA	সাফোক	21,000,000 মার্কিন ডলার	12,600,000 মার্কিন ডলার	9
হান্টিংটন, (ডিক্স হিলস WD) এর শহর	সাফোক	5,070,000 মার্কিন ডলার	42,000 মার্কিন ডলার	1
গ্রিনলন WD	সাফোক	5,286,000 মার্কিন ডলার	171,600 মার্কিন ডলার	1
দক্ষিণ হান্টিংটন WD	সাফোক	6,192,500 মার্কিন ডলার	715,500 মার্কিন ডলার	1

পানির গুণমানের পরিকাঠামোতে আঞ্চলিক বিনিয়োগ

নিউ ইয়র্কজুড়ে পানির গুণগত মান সুরক্ষার জন্য গভর্নর 3 বিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করেন। এই অর্থায়নে, 416 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান তহবিল মোট প্রকল্প ব্যয়ে স্টেটব্যাপী গুরুত্বপূর্ণ পানীয় ও বর্জ্য পানির অবকাঠামো প্রকল্পের জন্য প্রায় 1.6 বিলিয়ন মার্কিন ডলার সহায়তা করে। স্টেট এনভায়রনমেন্ট ফেসিলিটিজ কর্পোরেশন এর মাধ্যমে শূন্য অথবা কম সুদে পাওয়া ঋণের সাথে সমন্বিত হয়ে নিউ ইয়র্কের করদাতাদের জন্য আনুমানিক 700 মিলিয়ন মার্কিন ডলার অর্থ সঞ্চিত হবে।

REGION	প্রকল্পের আনুমানিক ব্যয়	অনুদান পুরস্কারের পরিমাণ	আনুমানিক সঞ্চয়	প্রকল্পের সংখ্যা
ক্যাপিটাল ডিস্ট্রিক্ট	95,000,000 মার্কিন ডলার	24,599,664 মার্কিন ডলার	55,000,000 মার্কিন ডলার	13
সেন্ট্রাল নিউ ইয়র্ক	137,000,000 মার্কিন ডলার	29,376,622 মার্কিন ডলার	70,000,000 মার্কিন ডলার	15
ফিঙ্গার লেকস	131,000,000 মার্কিন ডলার	32,953,829 মার্কিন ডলার	64,000,000 মার্কিন ডলার	17
লং আইল্যান্ড	760,000,000 মার্কিন ডলার	178,449,172 মার্কিন ডলার	281,000,000 মার্কিন ডলার	51
মধ্য-হাডসন	190,000,000 মার্কিন ডলার	58,883,321 মার্কিন ডলার	94,000,000 মার্কিন ডলার	37
মোহক ভ্যালি	46,000,000 মার্কিন ডলার	13,004,726 মার্কিন ডলার	30,000,000 মার্কিন ডলার	8
নিউ ইয়র্ক সিটি	51,000,000 মার্কিন ডলার	12,500,000 মার্কিন ডলার	30,000,000 মার্কিন ডলার	1
নর্থ কান্ট্রি	78,000,000 মার্কিন ডলার	25,340,533 মার্কিন ডলার	52,000,000 মার্কিন ডলার	14
সাউদার্ন টিয়ার	28,000,000 মার্কিন ডলার	16,106,277 মার্কিন ডলার	27,000,000 মার্কিন ডলার	7
পশ্চিম নিউইয়র্ক	75,000,000 মার্কিন ডলার	25,378,451 মার্কিন ডলার	47,000,000 মার্কিন ডলার	21
স্টেটজুড়ে মোট	1,591,000,000 মার্কিন ডলার	416,592,595 মার্কিন ডলার	750,000,000 মার্কিন ডলার	184

এনভায়োরমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation)-এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন কোলম্যান বলেন, "গভর্নর কুওমোর নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ পানির অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নীত করার প্রতিশ্রুতি আজ পর্যন্ত আর কখনো এতটা স্পষ্ট হয়নি। ক্রমবর্ধমান দূষক প্রকল্পে ক্যাপ বাড়িয়ে প্রকল্প ব্যয়ের 60 শতাংশ করে, গভর্নর পানি সিস্টেম অপারেটর ও বাসিন্দারা জানান যে নিউ ইয়র্ক স্টেট প্রত্যেক পদক্ষেপে তাদের সঙ্গে থাকবে।"

নিউ ইয়র্ক অঙ্গস্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার এবং EFC বোর্ডের সভাপতি বেসিল সেগোস বলেন, "গভর্নর কুওমোর স্টেটের বিপুল নেটওয়ার্কের পানীয় জলের পরিকাঠামো পুনর্নির্মাণ ও উন্নত করার পরিকল্পনার কথা প্রকৃতই রূপান্তরমুখী। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন এবং স্বাস্থ্য বিভাগ স্টেটের বিভিন্ন কমিউনিটির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে যাতে আমাদের

মূল্যবান পানীয় জলকে ক্রমবর্ধমান দূষক ও অন্যান্য 21 শতকের চ্যালেঞ্জ রক্ষা করতে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে এমন অত্যাধুনিক সরবরাহ ব্যবস্থা ডিজাইন এবং সৃজনশীলভাবে অর্থায়ন করা যায়। আমি স্টেট সরকারে আমার সহকর্মীদের কাছে 20 মিলিয়ন এর বেশি নিউ ইয়র্কবাসীকে বিশ্বমানের পানীয় জলের গুণমান প্রদান করার সংগ্রামের জন্য সাধুবাদ জানাই এবং আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার অব্যাহত অঙ্গীকার এবং সাহসী নেতৃত্বের জন্য।"

স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট বিশুদ্ধ পানীয় জল চ্যালেঞ্জ নিয়ে মাথা চাড়া দিয়ে উঠেছে অভূতপূর্ব অর্থ ও কারিগরি সহায়তায়। এই অর্থায়ন নিশ্চিত করে যে, স্টেটজুড়ে পানি ব্যবস্থা পরিশোধন ব্যবস্থা ও গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নীতকরণের মাধ্যমে ক্রমবর্ধমান দূষক হুমকি মোকাবেলা অব্যাহত রাখায় খরচ কোন অন্তরায় হবে না।"

সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Senate Environmental Conservation Committee)-এর সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "লং আইল্যান্ডের পানিতে 1,4 ডাইঅক্সেনের মতো ক্রমবর্ধমান দূষক এর বিষয়টি মোকাবেলার জন্য এই প্রভূত বিনিয়োগ হলো ঠিক প্রয়োজনের বহিঃপ্রকাশ। লং আইল্যান্ডের পানির মানকে অগ্রাধিকার দেয়ে অব্যাহত রাখার জন্য আমি গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Assembly Environmental Conservation Committee)-এর সভাপতি অ্যাসেম্বলি মেম্বার স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "আইন প্রণেতা এবং গভর্নর এসব কর্মসূচি চালু করেছেন পানি ব্যবহারকারীদের কাছে খরচ কম রাখার পাশাপাশি বিশুদ্ধ পানি নিশ্চিত করতে সহায়তা করার জন্য। পানির গুণমানকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে নিম্নলিখিত বিষয়ের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

প্রযুক্তিগত সহায়তা

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট ওয়াটার কোয়ালিটি রেপিড রেসপন্স টিমকে (New York State Water Quality Rapid Response Team) সিস্টেমের প্রয়োজনীয়তাগুলি মূল্যায়ন এবং অনুদান তহবিলের জন্য আবেদন করতে আগ্রহী কমিউনিটিগুলিকে তাৎক্ষণিক প্রযুক্তিগত সহায়তা প্রদানের নির্দেশ দেয়া অব্যাহত রাখেন। উপরন্তু, DOH স্টেটের অন্যান্য অংশে কার্বন পরিস্রাবণ এবং AOP পরিশোধন ব্যবস্থার সফল তত্বাবধানে প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে। এতে প্রকৌশলগত পরামর্শ অন্তর্ভুক্ত করা হবে, পর্যবেক্ষণ এবং কার্যক্ষম প্রোটোকল স্থাপন করা হবে এবং সম্ভাব্য অনুদান ও ঋণের অর্থায়ন বিকল্পগুলির জন্য নির্দেশিকা অন্তর্ভুক্ত হবে। 2016 সালে গভর্নর কুওমো কর্তৃক প্রতিষ্ঠিত, নিউ ইয়র্ক স্টেট ওয়াটার কোয়ালিটি রেপিড রেসপন্স টিম পানীয় জলে ক্রমবর্ধমান দূষণের সংস্পর্শ হ্রাস করার জন্য একটি আক্রমণাত্মক প্রোটোকল বাস্তবায়ন অব্যাহত রাখে।

নিউ ইয়র্কের ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিল সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন: https://www.health.ny.gov/environmental/water/drinking/dwqc/।

নিউ ইয়র্কের ড্রিংকিং ওয়াটার প্রোটেকশন প্রোগ্রাম সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন: https://www.health.ny.gov/environmental/water/drinking/।

পানি ব্যবস্থাপনার জন্য অনুদান তহবিলের সুযোগ সম্পর্কিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন: https://www.health.ny.gov/environmental/water/drinking/financing.htm।

অনুদান গ্রহীতাদের সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে অনুদান গ্রহীতাদের এই ইন্টারেক্টিভ ম্যাপ দেখুন:
http://nysefc.maps.arcgis.com/apps/webappviewer/index.html?id=a235c2a5cec647b39b1a1cff91a097b8

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন